

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা-২
www.mole.gov.bd

বিষয় : নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মিকাইল শিপার
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৬
সময়ঃ ১২.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

২। সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব মুহাম্মদ তাইয়েবুল ইসলাম ২০১৬-২০১৭ অর্থবছরের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৬) অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, প্রতিবেদনটি এ সভায় অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে। প্রতিবেদনটি পর্যালোচনা করে লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। তবে সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে সচেতন থাকতে হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্তঃ উপস্থাপিত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৬-২০১৭ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৬) অগ্রগতির প্রতিবেদন অনুমোদন করা হয়। তবে ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে কোন অর্জন হলে তা প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে।

৩। সভার ২য় পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে যুগ্মসচিব মুহাম্মদ তাইয়েবুল ইসলাম অধিনস্থ দপ্তর/সংস্থার ২০১৬-২০১৭ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৬) লক্ষ্যমাত্রা অগ্রগতির প্রতিবেদন ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। প্রতিটি দপ্তর/সংস্থার প্রতিবেদন পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) দপ্তর/সংস্থাসমূহের কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরবরাহকৃত কাঠামোতে প্রস্তুত করে মন্ত্রণালয়ে সংশোধিত প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (খ) দপ্তর/সংস্থার মাঠপর্যায়ের বিভাগীয়/জেলা কার্যালয়ের কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ সরবরাহকৃত কাঠামোতে প্রণয়ন নিশ্চিত করতে হবে;
- (গ) যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে পদক্ষেপ নিতে হবে;
- (ঘ) দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভায় স্ব-স্ব দপ্তরের অগ্রগতির প্রতিবেদন অনুমোদনক্রমে প্রতি কোয়ার্টার শেষের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (ঙ) দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভায় অধিনস্থ মাঠ পর্যায়ের বিভাগীয়/জেলা কার্যালয়ের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে; এবং
- (চ) মন্ত্রণালয়ের সমন্বয় শাখা থেকে অধিনস্থ দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

৪। অতঃপর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিকাইল শিপার
সচিব